দৈনিক ইত্তেফাক

তারিখ ........

পৃষ্ঠা ... কলাম ........

23 2002

# বগুড়ায় ধর্ষণকারীকে পালাতে সহায়তা করায় মাদ্রাসা শিক্ষক গ্রেফতার

**বগুড়া থেকে সংবাদদাতা ॥** বগুড়ার পল্লীতে এক মাদ্রাসা ছাত্রীকে আটকে রেখে ধর্ষণ করা হয়েছে। পরে ধর্ষণকারীকে পালাতে সহযোগিতা করার অভিযোগে পুলিশ একজন মাদ্রাসা শিক্ষকসহ দু'জনকে গ্রেফতার করেছে।

সোমবার বগুড়া সদর থানায় দায়ের করা মামলায় অভিযোগ করা হয়েছে, শাখারিয়া ইউনিয়নের কদিমপাড়া এবতেদায়ী মাদ্রাসার ৪র্থ শ্রেণীর ঐ ছাত্রী শনিবার মাদ্রাসা থেকে বাড়ি ফেরার পথে এলাকার বখাটে যুবকরা তাকে জোরপূর্বক একটি ঘরে আটকে রেখে ধর্ষণ করে। পরে ক্ষুব্ধ এলাকাবাসী হাতে-নাতে আনোয়ার নামে এক যুবককে আটক করে এবং সালিশ বৈঠকে ধর্ষিতা মেয়ের সাথে তার বিয়ে দেয়ার সিদ্ধান্ত নেয়। কিন্তু আনোয়ারের মামা মাদ্রাসা শিক্ষক আবদুল কাদের এবং চাচা ফরিদ উদ্দিন সালিশ বৈঠক থেকে তাকে পালিয়ে যেতে সহযোগিতা করে। এ কারণে পুলিশ তাদেরকে গ্রেফতার করে। এদিকে এই ঘটনা ধামাচাপা দিতে প্রভাবশালী একটি মহল তৎপরতা চালাচ্ছে বলে অভিযোগ করা হয়েছে।